

সিসিএনএফ জানুয়ারী ২০১৯ খ্রি: মাসিক সমন্বয় সভার প্রতিবেদন

তারিখ: ২১ জানুয়ারী ২০১৯ খ্রি:

স্থান: পালস সাব অফিস, বাজারঘাটা, কক্সবাজার।

গত ২১ জানুয়ারী ২০১৯ খ্রি: পালস সাব অফিসে কক্সবাজার সিভিল সোসাইটি এনজিও ফোরাম (সিসিএনএফ) এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমন্বয় সভায় ১৭ টি এনজিও এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত সমন্বয় সভায় সভাপতিত্ব এবং সঞ্চালনা করেন সিসিএনএফ এর কো-চেয়ার ও কোস্ট ট্রাস্ট এর নির্বাহী পরিচালক জনাব, রেজাউল করিম চৌধুরী।

সভার আলোচ্য বিষয় সমূহ:

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ পর্যালোচনা
২. ২০১৯ সালের কর্ম পরিকল্পনা নিয়ে আলোচনা
৩. লোকালাইজেশন এর মডালিটি নিয়ে আলোচনা
৪. সংস্থা ভিত্তিক আপডেট তথ্য এবং ছবি প্রেরন
৫. ফান্ডিং মডালিটি
৬. সংস্থা ভিত্তিক রিসোর্সফুল গঠন
৭. বিবিধ।



ছবি: মাসিক সমন্বয় সভা জানুয়ারী ২০১৯ খ্রি:

সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

১. ২০১৯ সালের জেআরপি আলোচনায় স্থানীয় ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, সিভিল সোসাইটিসহ সংশ্লিষ্টদের অংশগ্রহন নিশ্চিত করতে হবে।
২. রিফিউজ রাইটস এর উপর কোস্ট একটি ট্রেনিং ডিজাইন করবে ২৫ ফেব্রুয়ারী ২০১৯ খ্রি: মধ্যে প্রশিক্ষণটির ভেন্যু হবে উঠিয়াতে। সংশ্লিষ্ট প্রতিটি এনজিও হতে এক জন করে প্রতিনিধি এই প্রশিক্ষণে অংশগ্রহন করবেন।
৩. এনজিওদের প্রতিটি নিয়োগ অবশ্যই লোকাল পত্রিকায় প্রকাশ করতে হবে এবং যতটা সম্ভব নিয়োগের প্রচারটি সব জায়গায় পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।
৪. সকল সেবা কর্মী এবং ড্রাইভার কক্সবাজারের অধিবাসী হতে হবে এবং এই বিষয়ে সিসিএনএফ এর প্রতিনিধিগণ আইএনজিওদের সাথে কথা বলবেন।
৫. আগামী ২৫ ফেব্রুয়ারীর মধ্যে সিসিএনএফ এর ওয়েবসাইটটি আপডেট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. সিসিএনএফ এর সকল কর্মকান্ড হবে তথ্য ভিত্তিক। সঠিক তথ্য ছাড়া কোন কর্মকান্ড করা যাবেনা।

৭. ২০১৮ সালের অসমাপ্ত কাজ গুলো ২০১৯ এর কর্মপরিকল্পনায় সংযুক্ত করতে হবে।
৮. ২০১৯ সালে সুনির্দিষ্ট দুইটি ইস্যু নিয়ে আইএনজিওদের সাথে দুইটি ডায়ালগ করা হবে।
৯. একটি একাডেমিক রিসোর্সফুল গঠন করা হবে। যে সংস্থার যে বিষয়ের উপর অভিজ্ঞতা এবং বাস্তব ভিত্তিক নলেজ আছে সে সংস্থা অন্যদেরকে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করবেন।
১০. সুনির্দিষ্ট কোন কর্মকান্ডের জন্য সিসিএনএফকে কেউ আর্থিক সহায়তা প্রদান করলে সদস্যরা বসে সিদ্ধান্ত গ্রহন করবেন এবং সদস্যদের মতামতের ভিত্তিতে যেকোন একটি সংস্থাকে নির্বাচন করা হবে এবং নির্বাচিত সংস্থাকে বাজেটটি প্রদান করা হবে। সেই ক্ষেত্রে পাঁচ সদস্যের একটি স্টিয়ারিং কমিটি গঠন করে দেওয়া হবে কার্যক্রম মনিটরিং করার জন্য।
১১. সিসিএনএফ ২০১৮খ্রি: সকল সফল কার্যক্রমের উপর একটি প্রতিবেদন তৈরী করে বিভিন্ন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানকে প্রদান করা হবে ২৮ ফেব্রুয়ারী ২০১৯ খ্রি: এর মধ্যে।
১২. প্রতিমাসে সংস্থার আপডেট সদস্য সচিবের নিকট পাঠাতে হবে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে।
১৩. সিসিএনএফ এর মিটিং আহবান করার সময় ইমেইলে অবশ্যই এজেন্ডা উল্লেখ থাকতে হবে।
১৪. জেআরপি ২০১৯ এর বাংলা অনুবাদ কোস্ট করবে এবং অন্যদের সাথে শেয়ার করবে।
১৫. রোহিঙ্গা আগমনের ফলে অর্থনীতি এবং সামাজিক ক্ষতি এবং লোকালাইজেশান এর উপর কক্সবাজার জেলার সকল সংসদ সদস্যদের নিয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হবে। সম্ভাব্য তারিখ কো-চেয়ারগণ ঠিক করে সদস্যদেরকে অবহিত করবেন।
১৬. সিসিএনএফ এর সকল মুভমেন্ট হবে ইতিবাচক ডায়ালগের মাধ্যমে।

আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী



জাহাঙ্গীর আলম
সদস্য সচিব-সিসিএনএফ।